ক্যান্টনমেন্ট বোর্ড

ঢাকা ক্যান্টনমেন্ট ।

===========

৯০ ইং সনের ২৬-৭-৯০ ইং তারিখ বেলা ৪-০০ ঘটিকায় অনুষ্ঠিত পর্ষদ সভার কার্য্য বিবরণী ।

| | | |
|---|---|---|
| ...ন মোহাম্মদ আবদুল্লাহ আজাদ, পিএসসি,<br>...ন কমান্ডার,<br>... সেনানিবাস । | - প্রেসিডেন্ট | - উপস্থিত । |
| ..., ই, এম, ও,<br>...এম, এইচ, ঢাকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ...নায়ক,<br>...সনিক শাখা, বি এ এফ বেস বাশার,<br>...া সেনানিবাস । | - সদস্য | - অনুপস্থিত । |
| ...ান্ডিং অফিসার,<br>..., এন, এস, হাজী মহসিন<br>...কা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ..., এম, ই, এস, (আর্মি)<br>...কা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ...নাব মেহদী হাসান<br>(জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক মনোনীত<br>...থম শ্রেনীর ম্যাজিষ্ট্রেট) । | - সদস্য | - অনুপস্থিত । |
| ...জর (অবঃ) এম, এ, বাসেত<br>...াকা সেনানিবাস । | - সদস্য | - উপস্থিত । |
| ...নাব সৈয়দ আজহারুল হক<br>..., সেনানিবাস আবাসিক এলাকা<br>...কা সেনানিবাস । | - সদস্য | - অনুপস্থিত । |
| লেঃ কর্ণেল (অবঃ) এস এ ডব্লিউ এম নাজিম হোসেন - | ডিওএইচএস, বনানী এর প্রতিনিধি সদস্য | - উপস্থিত । |
| ক্রাঃ লেঃ (অবঃ) এ বি এম এ রশিদ, | - ডিওএইচএস, বনানী এর প্রতিনিধি সদস্য | - উপস্থিত । |
| কর্ণেল (অবঃ) বজলুল গনি পাটওয়ারী, বি, পি, পিএসসি, | - ডিওএইচএস, মহাখালী এর প্রতিনিধি সদস্য | - উপস্থিত । |
| কমান্ডার (অবঃ) টি, আই, এম, নূরুন্নবী | - ডিওএইচএস, মহাখালী এর প্রতিনিধি সদস্য | - উপস্থিত । |
| জনাব মোঃ আব্দুল হক,<br>ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার,<br>ঢাকা সেনানিবাস । | - সেক্রেটারী | - উপস্থিত । |

ঃ- পর্ষদ সভার গৃহীত সিদ্ধান্তাবলী ।

================== গৃহীত সিদ্ধান্ত ও কার্য্যক্রম সম্পর্কে অবহিত হওয়া ।

নং-১। গত ০৭-৬-৯০ ইং তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভার গৃহীত সিদ্ধান্ত ও কার্য্যক্রম সম্পর্কে অবহিত হওয়া

সিদ্ধান্ত ঃ- গত ০৭-৬-৯০ ইং তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভার গৃহীত সিদ্ধান্ত ও কার্য্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল ।

২য় পৃঃ দ্রঃ

নং-২। ১৯৯০-৯১ ইং আর্থিক সালের মৌলিক বাজেট অবহিত হওয়া ও অনুমোদন করণ ।

সিদ্ধান্ত ঃ- ১৯৯০-৯১ ইং আর্থিক সালের মৌলিক বাজেট অবহিত হওয়ার পর নিম্নোক্ত পদগুলি সৃষ্টির প্রস্তাবসহ অনুমোদন করা হইল। বাজেটটি চূড়ান্ত অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হইল ।

নূতন পদ সৃষ্টির প্রস্তাব ঃ

| ক নং খাত | শাখা | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল |
|---|---|---|---|---|
| ঙ-৬-ক | উদ্যান শাখা | মালী | ৪ জন | ৫০০-৮৬০ |
| চ-৪-ক | সাধারণ কন্জারভেন্সী শাখা | ঝাড়ুদার | ৮ জন | ৫০০-৮৬০ |
| ঙ-৫-ক | খোয়াড় | খোয়াড় চৌকিদার | ১ জন | ৫০০-৮৬০ |
| চ-৯-অ | নৌ-বাহিনী কন্জাঃ শাখা | ড্রাইভার | ১ জন | ৭৫০-১৫৫০ |
| | | কন্জাঃ সুপারভাইজার | ১ জন | ৬৫০-১২৮০ |
| চ-৯-ই | বিমান বাহিনী কন্জাঃ শাখা | ড্রাইভার | ১ জন | ৭৫০-১৫৫০ |
| চ-১-ক | হাসপাতাল | মেডিক্যাল অফিসার | ১জন | ১৮৫০-৩২২০ |
| | | নার্সিং এ্যাসিস্টেন্ট | ১ জন | ৭০০-১৪১৫ |
| | | ইলেকট্রিক লাইনম্যান | ১ জন | ৭০০-১৪১৫ |
| | | আয়া | ১ জন | ৫০০-৮৬০ |
| | | ধোপা | ১ জন | ৫০০-৮৬০ |
| চ-৭-ক | ম্যালেরিয়া নিরোধক | ম্যালেরিয়া নিরোধক কর্মী | -২জন | ৫০০-৮৬০ |
| ছ-৪-ক | মুসলিম মডার্ণ একাডেমী | চৌকিদার | ১ জন | ৫০০-৮৬০ |
| | | ঝাড়ুদার | ১ জন | ৫০০-৮৬০ |
| ছ-৪-ক | শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয় | সহকারী শিক্ষক | ২ জন | ১৩৫০-২৭৫০ |
| | | প্রাথমিক শিক্ষক | ১ জন | ৮০০-১৬৩০ |
| | | আয়া | ১ জন | ৫০০-৮৬০ |
| ছ-৫-ক | সেনা পল্লী হাই স্কুল | পিয়ন/চৌকিদার | ১ জন | ৫০০-৮৬০ |

কেন্দ্রীয় মসজিদের কর্মচারীদের সংশোধিত বেতন স্কেল প্রদানের প্রস্তাব ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ঙ-৮ | কেন্দ্রীয় মসজিদ | ইমাম | ১ জন | ১৩৫০-২৭৫০ |
| | | মোয়াজ্জিন | ১ জন | ৬৫০-১২৮০ |
| | | খাদেম | ১ জন | ৫০০-৮৬০ |

াব নং-৩। ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য একটি অটোক্লাব মেশিন ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করণ । এই প্রসংগে হাসপাতালের এম,ও,আই,সি'র ১১-৭-৯০ ইং তারিখের পত্র ও অন্যান্য কাগজপত্র উপস্থাপন করা হইল ।

হীত সিদ্ধান্ত ঃ- পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হইল ।

৩য় পৃঃ দ্রঃ

ব নং-৪। কর্ণেল আবু নঈম আমিন আহমেদ, পিএসসিএর মাতার কবর পাকা করনের নিমিত্তে তাঁহার ০৬-৬-৯০ইং তারিখের আবেদন এবং গ্রুপ ক্যাপ্টেন মোঃ আবদুল কুদ্দুস, পিএসসি, এর কন্যার কবর পাকা করনের নিমিত্তে তাঁহার ২৫-৭-৯০ ইং তারিখের আবেদন এর বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করণ।

হীত সিদ্ধান্তঃ- উপরোক্ত ২টি আবেদন পত্রের মধ্যে গ্রুপ ক্যাপ্টেন মোঃ আবদুল কুদ্দুস, পিএসসি, এর কন্যার কবরটি পাকা করনের অনুমোদন দেওয়া হইল। অনুমোদনকৃত কবরটি পাকা করনের পূর্বে অত্র পর্ষদে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা করিতে হইবে। উল্লেখ্য যে, কবরটি উচ্চতা ১'ফুট এর বেশী হইতে পারিবে না। তবে কবরের মাথার দিকে ১'x১½' মাপের পাথর বসাইতে হইবে যাহাতে মৃত ব্যক্তির কেবলমাত্র পরিচিতি উল্লেখ থাকিবে।

কর্ণেল আবু নঈম আমিন আহমেদ, পিএসসি, এর মাতা তাঁহার উপরে নির্ভরশীল ছিলেন কি না উহার প্রয়োজনীয় কাগজপত্রসহ বিষয়টি বিবেচনার নিমিত্তে পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হইল।

স্তাব নং-৫। ২৪-৭-৯০ ইং তারিখে দাখিলকৃত এয়ারকুলার, লন মওয়ার মেশিন এন্য় ও ২টি (মাজদা) গাড়ীর মেরামতের সর্বনিম্ন দরপত্রগুলি এবং ৪টি এয়ার কুলার বিএন্বয়ের সর্বোচ্চ দর অবহিত হওয়া ও অনুমোদন করণ।

হীত সিদ্ধান্তঃ- ২৪-৭-৯০ ইং তারিখে দাখিলকৃত টেন্ডারগুলি অবহিত হওয়ার পর নিম্নলিখিত ভাবে সিদ্ধান্ত গৃহীত হইলঃ-

(ক) নূতন এয়ারকুলার ৪টি সরাসরি আমদানী কারক এর নিকট হইতে এন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হইল।

(খ) প্রস্তাবিত ১২ অশ্ব-শক্তিসম্পন্ন ইয়াডম্যান লন মওয়ার মেশিনটি সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স বাংলা হার্ডওয়ার এন্ড মিল ষ্টোরস্, ৬৩, নওয়াবপুর রোড, ঢাকা এর নিকট হইতে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকায় এন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হইল।

(গ) পর্ষদের মাজদা কার ও মাজদা পিকআপটির জন্য আমদানী কারকদের নিকট হইতে সরাসরি টয়োটা রি-কন্ডিশন্ড ইঞ্জিন এন্য় করতঃ পর্ষদের নিজস্ব ওয়ার্ক সপে উহা সংযোজন করিয়া গাড়ী ২টি মেরামতের সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঘ) পুরাতন ৪টি এয়ারকুলার বিএন্বয়ের দরপত্রগুলি বিবেচনা করা গেল না। পুনঃ নিলাম বিজ্ঞপ্তি প্রদান করতঃ বিএন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৬। ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থিত টেম্পু ষ্ট্যান্ডটি ১৯৯০-৯১ ইং আর্থিক বৎসরের জন্য ইজারার নিমিত্তে প্রদত্ত বিজ্ঞপ্তি মোতাবেক গত ২৪-৬-৯০ ইং তারিখে প্রাপ্ত সর্বোচ্চ দরপত্র অনুমোদন করণ। এতদ্ব্যাপারে প্রাপ্ত ৩(তিন)টি দরপত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- সর্বোচ্চ দর প্রদানকারী জনাব মোঃ আবুল বাশার, ৪৯/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস এর ৮৫,০০১/-(পঁচাশি হাজার এক টাকা) টাকার দরটি অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-৭। মেসার্স মুডিস্ আর্ট কর্তৃক ১৯৮৯-৯০ ইং সনের জন্য গৃহীত অগ্রিম হোর্ডিং ফি ২৫,৯২০/- টাকা ফেরৎ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। উল্লেখ্য, জুন'৮৯ ইং মাসের পর জিয়া আর্ন্তজাতিক বিমান বন্দর সড়কের সকল হোর্ডিং অপসারণ করা হয়।

গৃহীত সিদ্ধান্তঃ- ফেরৎ প্রদানের অনুমোদন দেওয়া গেল।

৪র্থ পৃঃদ্রঃ

াব নং-৮ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮/সি নং প্লটের পশ্চিম দিকে অতিরিক্ত ত্রিভুজ আকৃতির নীচু জমি বরাদ্দের নিমিত্তে উক্ত প্লটের মালিক মিসেস নূরুন্ন নাহারের ২৮-৫-৯০ ইং তারিখের আবেদন বিবেচনা করণ ।

হীত সিদ্ধান্তঃ-বিষয়টি বিশদ আলোচনান্তে মিসেস নূরুন্ন নাহার'কে তাঁহার আবেদনক্রমে উক্ত ৪২'X১০১'-৯" পরিমাণ ত্রিভুজ আকৃতির জায়গাটি বর্তমান সরকারী দামে প্রিমিয়াম ও বিধান মোতাবেক ধার্য্যকৃত বার্ষিক খাজনা আদায় সাপেক্ষে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল ।

সুাব নং-৯ঃ শহীদ সরণীর বৃষ্টির পানি নিস্কাশনের জন্য আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সামনে আর সি সি পাইপ ড্রেন ও পাকা ড্রেন নির্মানের মূল্যানুমান ও দরপত্র অনুমোদন করণ ।

হীত সিদ্ধান্তঃ-উপরোক্ত কাজের ৬০,৮০০°২৮ টাকার মূল্যানুমান ( ১৯৮৭ ইং সালের এম ই এস সিডিউল মোতাবেক ) টি অনুমোদন করা হইল। ইহা ছাড়া ও উক্ত কাজের জন্য সর্বনিম্ন দরদাতা মেসার্স গাজী এন্ড কোং কর্তৃক প্রদত্ত ২০% উর্ধ দরের পরিবর্তে ১২% উর্ধ দর অনুমোদন করা হইল ।

সুাব নং-১০ঃ বৃষ্টির পানি নিস্কাশনের জন্য বনানী ডিওএইচএস এলাকায় ১৫ নং প্লটের পার্শ্বে আর সি সি পাইপ ড্রেন স্থাপনের মূল্যানুমান ও দরপত্র অনুমোদন করণ ।

হীত সিদ্ধান্তঃ-উপরোক্ত কাজের ৮৫,৫৩৮°৮৭ টাকার মূল্যানুমানটি ( ১৯৮৭ ইং সালের এম ই এস সিডিউল মোতাবেক ) অনুমোদন করা হইল। ইহা ছাড়া ও উক্ত কাজের জন্য সর্বনিম্ন দরপত্রদাতা মেসার্স দি এসোসিয়েটস কর্তৃক প্রদত্ত ২২% উর্ধ দরের পরিবর্তে ১৪% উর্ধ দর অনুমোদন করা হইল ।

সুাব নং-১১ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত পানির পাম্প মেশিনের জন্য অটোমেটিক ষ্টার্টার ( টাইপ ইওয়াইডি-৫০, ৬০ এমপস, ২০০-৪৪০ ভোল্ট ক্ষমতা বিশিষ্ট তাইওয়ানের তৈরী ) এর নিমিত্তে সর্বনিম্ন দরদাতার দর বিবেচনা ও অনুমোদন করণ ।

হীত সিদ্ধান্তঃ- সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স সবুজ ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ১৫,০০০/- ( পনর হাজার ) টাকার দরটি অনুমোদন করা হইল ।

সুাব নং-১২ঃ ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন বাড়ীর বিল্ডিং প্লান অনুমোদন করণ। প্লান সমূহ উপস্থাপন করা হইল ঃ

হীত সিদ্ধান্তঃ- সেনানিবাস এলাকায় নিম্নোক্ত ১২টি বিল্ডিং প্লান অনুমোদন করা হইল ঃ-

| ক্রমিক নং | বাড়ীর মালিকের নাম | | প্লট নম্বর | এলাকার নাম | |
|---|---|---|---|---|---|
| (১) | বেগম ফরিদা করিম | - | ৪৫৪, মহাখালী ডিওএইচএস, | ঢাকা সেনানিবাস | |
| (২) | মিসেস জুবাইদা মনোয়ার | - | ৪৯৫, ,, ,, | ,, | |
| (৩) | গ্রুপ ক্যাপ্টেন(অবঃ)কামালউদ্দিন | - | ৪৭২, ,, ,, | ,, | |
| (৪) | লেঃ কর্ণেল এ জেড এম বজলুল হক ও অন্যান্য | - | ৩৯৯, ,, ,, | ,, | ( যৌথ ) |
| (৫) | লেঃ কর্ণেল আলী নূর মোহাম্মদ মাসুদ | - | ৩১৮, ,, ,, | ,, | |
| (৬) | কর্ণেল সামসুজ্জাহান চৌধুরী | - | ২৯০, ,, ,, | ,, | |
| (৭) | কর্ণেল এ বি এম সাইদ হোসেন | - | ২৯৩, ,, ,, | ,, | |
| (৮) | লেঃ কর্ণেল এম এম ইকবাল হোসেন ও অন্যান্য | - | ৩৯৩, ,, | ,, | ( যৌথ ) |
| (৯) | লেঃ কর্ণেল শামিম সাহজাহান চৌধুরী ও অন্যান্য | - | ৩৯৪, ,, | ,, | ( যৌথ ) |
| (১০) | মেজর হানিফ ইকবাল ও অন্যান্য | - | ৩৯২, ,, | ,, | ( যৌথ ) |
| (১১) | লেঃ কর্ণেল শাহ মোহাম্মদ সুলতান উদ্দিন ইকবাল ও অন্যান্য | - | ৪০৭, ,, ,, | ,, | |
| (১২) | মোঃ হামিদুর রহমান | - | সি এস-১৯৯, (আংশিক) | মৌজা-ইব্রাহিমপুর । | |

৫ম পৃঃ দ্রঃ

নং-১৩। বিবিধ ঃ
=====

(ক) ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটের সিড়ি ঘর পূর্ব পার্শ্বের পরিবর্তে পশ্চিম পার্শ্বে নির্মানের সিদ্ধান্ত গ্রহন করণ। এই প্রসংগে সাভূসে অধিদপ্তরের ১৬-৭-৯০ ইং তারিখের ৭/এমএনএক্সসি/ঢাকা/১৩০-৫/শা-৮/১৫ নং পত্র উপস্থাপন করা হইল।

(খ) দোকানের বকেয়া ভাড়া এক কালীন পরিশোধ করিলে জরিমানা মওকুফ করণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

ত সিদ্ধান্তঃ-(ক) অনুমোদন করা হইল।

(খ) বিষয়টি আলোচনান্তে দেখা যায় যে, দোকানের ভাড়া অনেক বকেয়া রহিয়াছে। উহা আদায় করা একান্ত প্রয়োজন। বকেয়া ভাড়া আদায় কল্পে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল যে, ১৯৯০ ইং সনের মধ্যে যদি কোন দোকানদার সমুদয় বকেয়া ভাড়া এক কালীন পরিশোধ করিতে চাহেন তাহা হইলে সি,ই,ও'র অনুমতি সাপেক্ষে তিনি জরিমানা ব্যতিরেকে হাল নাগাদ বকেয়া ভাড়া পরিশোধ করিতে পারিবেন। ইহা ছাড়াও ইতিপূর্বে সি,ই,ও, কর্তৃক যে সকল দোকানদারদের জরিমানা মওকুফ করা হইয়াছে উহার ঘটনাত্তোর অনুমোদন দেওয়া হইল। বকেয়া ভাড়া/খাজনা আদায় কল্পে উপরোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হইল।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় কর্তৃক সকলকে ধন্যবাদান্তে ভার সমাপ্তি ঘোষনা করা হইল।

২৮/৭/৯০

মোঃ আব্দুল হক )
সেক্রেটারী,
ক্যাণ্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেন্ট।

( কর্ণেল মোহাম্মদ আবদুল্লাহ আজাদ, পিএসসি, )
প্রেসিডেন্ট,
ক্যাণ্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেন্ট।